# তা'মীরুল মিল্লাত কামিল মাদরাসা, ঢাকা

## বর্ষ সমাপনী অনলাইন পরীক্ষা-২০২০

**শ্রেণি ঃ আলিম ১ম বর্ষ        বিষয় কোড: ২১৪**

**বিষয় ঃ অর্থনীতি ২য় পত্র (সৃজনশীল)**

**সময় ঃ ২:৩০ ঘণ্টা                    পূর্ণমান ঃ ৭০**

**[উদ্দীপকগুলো পড় এবং যে কোন ৭টির উত্তর লিখ]**

১। সাথির পিতা বাংলাদেশের ভৌগলিক ও প্রাকৃতিক পরিবেশ বর্ণনা করতে যেয়ে এর সীমানা, আয়তন, জনসংখ্যা, ভূ-প্রকৃতির প্রকারভেদ; মৃত্তিকার গঠন, জলবায়ু, নদনদী, উদ্ভিদ ও খনিজ পদার্থের বিশদ বিবরণ প্রদান করেন।


ক) পরিবেশ কী? ১

খ) বংলাদেশের ভূ-প্রকৃতি কত প্রকার ও কী কী? ২

গ) সাথির পিতা বাংলাদেশের কিসের অবস্থান বর্ণনা করেছেন? ব্যাখ্যা কর। ৩

ঘ) সাথির পিতা বাংলাদেশের কোন্ পরিবেশের বর্ণনা দিয়েছেন তা বিশ্লেষেণ কর ও তাৎপর্য উল্লেখ কর। ৪

২। নিছের ছকটি লক্ষ্য কর।



ক) বাংলাদেশে কত সালে সংসদীয় গঠনতন্ত্র প্রতিষ্ঠিত হয়? ১

খ) বাংলাদেশের ভৌগোলিক অবস্থান বর্ণনা কর। ২

গ) উদ্দীপকে যে বিষয়টি উপস্থাপিত হয়েছে তার প্রকৃতি তুলে ধর। ৩

ঘ) বাংলাদেশের অর্থনীতিতে উদ্দীপকে প্রদর্শিত বিষয়টির একটি বিশ্লেষণ কর। ৪

৩। ময়মনসিংহ কৃষি বিশ্ববিদ্যালয়ের ছাত্র তালহা নিজ গ্রামে পাট, আলু, গম, ডাল চাষের জন্য মানুষকে উৎসাহ প্রদান করেন। তিনি নিজেও বাড়িতে গরু, ছাগল পালন করেন এবং বাড়ির চারপাশে বেতগাছ, রাবার গাছ লাগিয়েছেন। তাছাড়া বাড়িতে তিনি প্রাকৃতিক উপায়ে মধু চাষ করেন।

ক) Shrimp শব্দের অর্থ কী? ১

খ) কৃষি উপকরণের ভর্তুকি প্রদান বলতে কী বুঝ? ২

গ) বাংলাদেশের কৃষির খাত হিসেবে তালহার কার্যক্রমের খাতগুলোর অবদান মূল্যায়ণ কর। ৩

ঘ) সামগ্রিক কৃষি উৎপাদনে তালহার কার্যক্রমের খাতগুলোর অবদান মূল্যায়ণ কর। ৪

৪। জালাল একজন ক্ষুদ্র কৃষক। সে লক্ষ্য করে তার বাবা কৃষি ঋণ নিতে গিয়ে যে ধরণের ঝামেলা ও হয়রানির শিকার হতো তাকে তা করতে হয় না। সে প্রত্যক্ষ করে যে, কৃষি ঋণের ব্যাপারে সরকারের গৃহীত বিভিন্ন পদক্ষেপের কারণে এখন ঋণ নিতে তার আর কোনো অসুবিধা হয় না।

ক) কৃষি ঋণ কী? ১

খ) কৃষক কেন ঋণ গ্রহণ করে? ২

গ) জালালের মতো কৃষককেদেরকে ঋণ দেওয়ার সরাসারি কায্ক্রমের বিবরণ দাও। ৩

ঘ) কৃষি ঋণদানের ক্ষেত্রে সরাসরি ঋণদানের কার্যক্রমগুলোর সুবিধা সম্পর্কে আলোচনা কর। ৪

৫। জনাব মুস্তাকিম বিল্লাহ ছোট বড় কয়েকটি শিল্প প্রতিষ্ঠানের মালিক। এ গুলোর সবই কাঁচামালভিত্তিক। এগুলোতে শ্রমঘন উৎপাদন কৌশল ব্যবতহৃত হয়। তার উৎপাদিত দ্রব্যের দাম বেশি যদিও তার মান নিম্ন এজন্য তিনি অবশ্য পুরাতন প্রযুক্তি ও অদক্ষ শ্রমিককে দায়ী করেন।

ক) শিল্প বলতে কী বুঝ? ১

খ) উদাহরণসহ ফার্ম ও শিল্পের মধ্যে পার্থক্য লিখ। ২

গ) জনাব মুস্তাকিম বিল্লাহর প্রতিষ্ঠিত শিল্প প্রতিষ্ঠানগুলোর বৈশিষ্ট্য ব্যাখ্যা কর। ৩

ঘ) উদ্দীপকের আলোকে বাংলাদেশের শিল্প কাঠামোর প্রকৃতি বিশ্লেষণ কর। ৪

৬। বাংলাদেশের রপ্তানি আয়ের সিংহভাগ আসে ‘ক’ শিল্প থেকে। ‘ক’ শিল্প বর্তমান বাংলাদশের শিল্প ক্ষেত্রে নতুন এক সম্ভাবনার দ্বার উন্মোচন করেছে। অনগ্রসর নারীদের কর্মসংস্থান এবং রপ্তানি বাণিজ্যের উন্নয়নের ক্ষেত্রে শিল্পটি প্রধান ভূমিকা পালন করছে।

ক) কুটির শিল্প কী? ১

খ) বৃহৎ শিল্পের ধারণা দাও। ২

গ) উদ্দীপকে ‘ক’ দ্বারা নির্দেশিত শিল্পের বর্তমান অবস্থা বাংলাদেশের প্রেক্ষিত ব্যাখ্যা কর। ৩

ঘ) তুমি কি মনে কর বাংলাদেশে ‘ক’ দ্বারা নির্দেশিত শিল্পের সমস্যা বর্তমান? তোমার উত্তরের স্বপক্ষে যুক্তি দাও।৪

৭। এখলাছ ছোটবেলা থেকেই তার পরিবারের সদস্য সংখ্যা বাড়াতে দেখেছে। সে অনুভব করে, আগে পরিবারে যে সুখ ও স্বাচ্ছন্দ্য ছিল, এখন তা নেই। খাওয়া- দাওয়া, থাকা-পরা ইত্যাদি সব বিষয়েই পরিবারে এখন টানাপেড়েন অবস্থা চলছে।

ক) জন্মহার কী? ১

খ) বাংলাদেশের মৃত্যহার সম্পর্কে তুমি কী জান? ২

গ) এখলাছের ধারণার ভিত্তিতে জনসংখ্যা ও সম্পদের মধ্যে সম্পর্ক ব্যাখ্যা কর। ৩

ঘ) উদ্দীপকের আলোকে জনসংখ্যা বৃদ্ধির প্রভাবগুলো বিশ্লেষণ কর। ৪

৮। একটি দেশের জনসংখ্যা ও খাদ্য উৎপাদন বৃদ্ধির হার নিচে একটি ছকে দেওয়া হলো:–

| বছর | ১৯০০ | ১৯২৫ | ১৯৭৫ |
|---|---|---|---|
| জনসংখ্যা | ২ | ৪ | ১৬ |
| খাদ্য উৎপাদন | ২ | ৩ | ৫ |

ক) কাম্য জনসংখ্যা কী? ১

খ) কারিগরি শিক্ষার প্রসার মানব সম্পদ উন্নয়ণের জন্য কীভাবে সহায়ক হতে পারে? ২

গ) উদ্দীপকের তথ্যের সাথে অর্থনীতির কোন্ তত্ত্বটি সংগতিপূর্ণ এবং কেন? ব্যাখ্য কর। ৩

ঘ) উদ্দীপকের উল্লিখিত পরিস্থিতিতে দেশটির অর্থনীতে এবং সামাজিক ক্ষেত্রে কি প্রভাব পড়বে বলে তুমি মনে কর? ৪

৯। রহিমদ্দিন ভ্যান চালিয়ে যে টাকা আয় করে তা চাল, ডাল, তেল, খড়ি ইত্যাদি কিনতেই ব্যয় হয়ে যায়। সে ছেলেমেয়েদের জন্য মাছ, মাংস, দুধ, ডিম, ঘি ইত্যাদি পুষ্টিকর খাদ্যের কিছুই কিনতে পারে না। এজন্য তার পরিবার অপুষ্টির শিকার।

ক) নিরাপদ খাদ্য কী? ১

খ) নিরাপদ খাদ্য প্রয়োজন কেন? ২

গ) রহিমুদ্দিনের পরিবারে খাদ্য নিরাপত্তা নেই কেন? ব্যাখ্যা কর। ৩

ঘ) রহিমুদ্দিনের পরিবারে খাদ্য নিরাপত্তা অর্জনের উপায় বিশ্লেষণ কর। ৪

১০। শাহেদের একটি পোল্ট্রি খামার রয়েছে। সৌদি আরবে দীর্ঘদিন কাজ করে কিছু টাকা সঞ্চয় করেছে সে। বাবার সামান্য জমি আছে। সে স্থানীয় ব্যাংক ও ব্র্যাক ব্যাংক থেকে কিছু ঋণ নিয়েছে।

ক) অর্থায়ন বলতে কী বুঝ? ১

খ) শেয়ার মার্কেট ও বন্ড মার্কেট বলতে কী বুঝ? ২

গ) শাহেদের পোল্ট্রি খামার অর্থায়নের উৎসসমূহ কী কী বর্ণনা কর। ৩

ঘ) শাহেদ শেয়ার মার্কেট কিংবা বন্ড মার্কেট থেকে ঋণ নিতে পারত কি? বিষয়টি বিশ্লেষণ কর। ৪

১১। দীর্ঘমেয়াদি পরিকল্পনা নিয়ে ব্যবসা প্রতিষ্ঠান স্থাপন করা হয়। প্রতিষ্ঠালগ্নে সম্পত্তি যেমন– বিল্ডিং, গ্যারেজ, জেনারেটর, রাস্তাঘাট ইত্যাদির প্রয়োজনীয়তা দেখা দেয়। এসব সম্পত্তি অর্জনে দীর্ঘমেয়াদি অর্থায়ন খুবই গুরুত্বপূর্ণ।

ক) সময়গত দিক দিয়ে অর্থায়ন কত প্রকার? ১

খ) দীর্ঘ মেয়াদি অর্থায়ন বলতে কী বুঝ? ২

গ) উদ্দীপকে যে বিষয়টি আলোচনা করা হয়েছে সেটির মাধ্যম হিসেবে শেয়ার ও বন্ড এর তুলনামূলক আলোচনা কার। ৩

ঘ) উদ্দীপকের বিষয়ের ক্ষেত্রে শেয়ার বাজারের অবদান বিশ্লেষণ কর। ৪